গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ১০-০৩-২০২১
সময় ঃ সকাল ১০.০০ টা।
স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি মহান মুক্তিযুদ্ধে সকল শহীদ বীরমুক্তিযোদ্ধার আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করেন। অত:পর সভাপতি সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ২৫ মার্চ ২০২১ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গত বছরের কর্মসূচি এবং এ বছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি সম্পর্কে সবাইকে অবহিত করেন। আসন্ন ২৫ মার্চ ২০২১ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা জাতীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে স্ব-স্ব উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা-মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | তারিখ/সময় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা | ২৫-০৩-২০২১ | দপ্তর/সংস্থার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ২. | গণহত্যার উপর প্রামান্য চিত্র | ২৫-০৩-২০২১ | সকল দপ্তর/সংস্থার আওতাধীন শিক্ষা-প্রতিষ্ঠান ও ট্রেনিং ইন্সটিটিউট সমূহে তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৩. | মোনাজাত/প্রার্থনা | ২৫-০৩-২০২১ তারিখ বাদ জোহর/সুবিধা জনক সময়ে | ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে দপ্তর/সংস্থার আওতাধীন মসজিদে/ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করবে। | সকল দপ্তর/সংস্থা |

(অঃপৃঃদ্রঃ)

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জাতীয় পতাকা উত্তোলন | ২৬-০৩-২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে সূর্যোদয়ের সাথে সাথে পতাকা বিধি অনুসারে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৫. | আলোকসজ্জা ও পতাকা দ্বারা সজ্জিতকরণ | ২৬-০৩-২০২১ তারিখ সন্ধ্যা থেকে | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষ্যে দপ্তর/সংস্থা তাদের ভবন/স্থাপনাগুলোতে আলোক সজ্জা করবে এবং বিভিন্ন নৌযানসমূহে জাতীয় পতাকা দ্বারা সজ্জিত করবে। কোনোক্রমেই ২৫-০৩-২০২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না। | সকল দপ্তর/সংস্থা (যাদের নিজস্ব ভবন রয়েছে) |
| ৬. | নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন। | ২৬-০৩-২০২১ | জেলা প্রশাসন, ফায়ার সার্ভিস এবং সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় করে বর্ণিলভাবে নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ |
| ৭. | দেশাত্ববোধন সংগীত | ২৬-০৩-২০২১ | সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌপথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্ববোধক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, নৌপরিবহন অধিদপ্তর |
| ৮. | জাহাজসমূহ জনসাধারনের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | ২৬-০৩-২০২১ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর, পায়রা বন্দর, ঢাকার সগরঘাট, নারায়নগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত থাকবে। এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | বিআইডব্লিউটিএ, ও বন্দর কর্তৃপক্ষসমূহ |
| ১০. | ইকোপার্কগুলো জনসাধারনের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | ২৬-০৩-২০২১ | ইকোপার্কে বিনা টিকিটে দর্শনের ব্যবস্থা করা হবে। | বিআইডব্লিউটিএ |
| ১১. | চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | ২৬-০৩-২০২১ | প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও মোংলা বন্দ কর্তৃপক্ষ |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন;

স্বাঃ
তারিখ: ১৪-০৩-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০২.১৯- ১৯৩ তারিখঃ ০১ চৈত্র, ১৪২৭ বঙ্গা:
১৫ মার্চ, ২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৭। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৯। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১২। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সহকারী সচিব (শিশু শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১৫/০৩/২০২১

মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd